বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে মুর্শিদাবাদের ভরতপুরে

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : তিলপাড়া জলাধার থেকে জল ছাড়ার জেরে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে মুর্শিদাবাদের ভরতপুরে। জল ঢুকে যাওয়ার কান্দি-সালার রাজ্য সড়ক বন্ধ যান চলাচল। গতকাল সন্ধ্যে থেকে ভরতপুরের নিচু এলাকাগুলিতে জল ঢুকতে শুরু করে। আজ ভোরের দিকে প্রায় ১০টি গ্রাম প্লাবিত হয়।

গতকাল সকাল থেকে ময়ূরাক্ষী নদীতে ৪৬ হাজার কিউসেক জল ছেড়েছে তিলপাড়া ব্যারেজ। ঝাড়খন্ড সীমান্তে ব্যাপক বৃষ্টি হওয়ায় তিলিপাড়া ব্যারেজ কর্তৃপক্ষ জল ছাড়াতে বাধ্য হয় বলে জানানো হয়েছে। তার জেরেই দুপুর থেকে বড়ঞা-ভরতপুর এলাকায় ময়ূরাক্ষী নদীর জল হু হু করে বাড়তে শুরু করে। বিকেল গড়াতে নদীর দু-কূল ছাপিয়ে যায়।

নদীর চড়ে যাঁরা ধান চাষ করেছিলেন তড়িঘড়ি ধান বাঁচাতে ব্যস্ত হয়ে পড়েছেন। নৌকা করে কোনওরকম ধান পাড়ে আনতে পেরেছেন কয়েকজন চাষি।

জলের তোড়ে ভেসে গিয়েছে অনেক ধান। আলুচাষের জন্য যে জমি তৈরি করা হয়েছিল তাও নষ্ট হয়ে গেছে। জল আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ব্লক প্রশাসনের তরফে আপৎকালীন ব্যবস্থার জন্য তৈরি থাকতে বলা হয়েছে সব সরকারি কর্মচারীদের। এর সঙ্গে পাঁচথুপি ঘোষপাড়ায় ময়ূরাক্ষী নদীর বাঁধে ফাটল দেখা দেওয়ায় আরও আতঙ্কে এলাকার মানুষ।

বিজলী বালক সংঘের কালীপুজোর অঙ্কনশিল্প

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়ায় কালীপুজো নিয়ে কমচর্চা হয় না। সেই পুজোর মধ্যে বেশ কয়েকটি পুজো মন্ডপে যথেষ্ট সম্মান আদায় করে নিয়েছে। তার মধ্যে অন্যতম কদমতলার বিজলী বালক সংঘ।

সাবেকি পুজোর ওপর ভরসা করে প্রায় অর্ধ শতাব্দী ধরে কালীপুজো করে আসছে হাওড়ার বিজলী বালক সংঘ। হাওড়ার সেরা কালী পুজোর মধ্যে অন্যতম হাওড়া বিজলী বালক সংঘের এই পুজো। ৫৮ বছর ধরে চলে আসছে হাওড়ার অন্যতম সেরা এই পুজো। হাওড়ার কদমতলা বাসস্ট্যান্ডে এই পুজোয় অন্যান্য বছরের মতো এই বছরেও মন্ডপ এবং প্রতিমা হচ্ছে সাবেকি। পুজো মন্ডপ আঁকা হবে। এই বছর তাঁদের কালীপুজোর বাজেট প্রায় ১২ লক্ষ টাকা বলে পুজো কমিটির পক্ষ থেকে জানান হয়েছে।

চন্দননগরের আলো দিয়ে সাজান হবে মন্ডপ এবং মন্ডপ চত্বর। চিরাচরিত সাবেকি এই পুজোয় এলাকার মানুষের উৎসাহ থাকে চোখে পড়ার মতো। পুজোর উদ্বোধন করবেন মন্ত্রী অরূপ রায়। কালীপুজো একদিনের। এই পুজোতে বিসর্জন এক গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। এই ক্লাবের বিসর্জনও প্রতি বছর জাঁকজমকপূর্ণভাবে করা হয়। এই বছরও গেঁট করা হবে। সেই গেট সাজান হবে চন্দননগরের আলো দিয়ে। থাকবে বিভিন্ন ধরনের বাজনা।এলাকার পুজোর সময় সামাজিক কাজের বিষয়ে পুজো কমিটির পক্ষ থেকে জানা গেছে তাঁদের সারা বছর সামাজিক কাজ হয়ে থাকে। তবে এখন কালীপুজোর সময় তাঁদের কোনও সামাজিক কাজ হয় না। তবে বেশ কয়েক বছর আগে তাঁরা বস্ত্র বিতরণ করতেন।

কিন্তু দেখেছেন, কয়েকজন ছাড়া সেই বস্ত্র নেওয়ার কেউ থাকে না। তারা সেই বস্ত্র অন্য জায়গায় বিক্রি করে দিত বলে অভিযোগ আসায় ক্লাবের পক্ষ থেকে কালীপুজোর সময় বস্ত্র বিতরণ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।

কালীপুজোর সময় মন্ডপে অগ্নিনির্বাপণ ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। সেই প্রসঙ্গে পুজো কমিটির পক্ষ থেকে জানা গেছে তাঁদের মন্ডপে থাকবে অগ্নিনির্বাপণ গ্যাস থাকবে মন্ডপে। তাছাড়াও মন্ডপ এবং মন্ডপ চত্বরে থাকবে বালি এবং জলের ব্যবস্থা। পুজোর দিন মন্ডপের কাছে থাকবে দুটি দমকলের ইঞ্জিন।

জয়পুরে কাঠের সেতু দিয়ে বিপজ্জনক যাতায়াত

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়ার আমতার কামটিয়া গ্রামপঞ্চায়েতের মধ্য জয়পুরে জল নিকাশি খালের কাঠের সেতুর কিছুটা অংশ ভেঙে পড়েছে।

তার ওপর দিয়েই জীবনে ঝুঁকি নিয়ে পাঁচ থেকে আশি বছর বয়সের মানুষ বিপদজ্জনকভাবে যাতায়াত করছে। এমনকী কৃষিজ উৎপন্ন ফসল মাথায় করে, টুলিভ্যানে করে এই সেতুর ওপর দিয়ে নিয়ে যাচ্ছে। জানা গেছে এখানে এক হাজার তফশিলী জাতির মানুষের বসবাস। অধিকাংশই কৃষিজীবী। এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে আইসিডিএস সেন্টার সবই আছে। প্রত্যেকেই এক কাঠের পোল দিয়ে যাতায়াত করেন।



কালীপুজোর আর এক সপ্তাহও নেই। জোর কদমে চলছে মাটির প্রদীপ তৈরির কাজ।

এলাকাবাসী সূত্রে জানা গিয়েছে, আমতার সেচ বিভাগ চার-পাঁচ বছর আগে এই কাঠের পোলটি তৈরি করে। বিষয়টি জানালে তার যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দেন।

ফের প্লাবিত উদয়নারায়ণপুর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়ায় দিন দুই আগে যে নিম্নচাপ সৃষ্টি হয়ে ছিল তাতেই ফের প্লাবিত হল হাওড়ার উদয়নারায়ণপুর। তার ফলে সেচদফতরের কপালে আশঙ্কার ভাঁজ পড়ল। বর্ষার পর এবার হাওড়ার উদয়নারায়ণপুর ডিভিসির ছাড়া জলে প্লাবিত হল। উদয়নারায়ণপুরের কুঁকুটি ভজ্জা বাঁধ দিয়ে হুহু করে জল ঢুকে জঙ্গলপাড়া, টোকাপুর, কুড়চি, হরিহরপুর সহ বেশ কয়েকটি গ্রাম প্লাবিত হয়। জানা গেছে, ভাদ্রমাসের বন্যার পর বাঁধের মেরামতির কাজ শুরু হলেও পর্যাপ্ত মাটি ও শ্রমিকের অভাবে সম্পূর্ণ মেরামতির কাজ হয়নি।

ফলে ভাঙা অংশ দিয়ে হুহু করে জল ঢুকছে। এর ফলে রবিশস্যের প্রবল ক্ষতির আশঙ্কা করছেন চাষিরা। রবিশস্য বসানো হলেও তার বন্যার জন্য ভেসে গিয়েছে ইতিমধ্যে হাওড়া-উদয়নারায়ণপুর বাস রাস্তার ওপরে এক হাঁটু সমান জল দাঁড়িয়ে গেছে বন্ধ বাসচলাচল।

ব্লক প্রশাসনের পক্ষ থেকে সব রকমের ব্যবস্থা করা হয়েছে বলে জানা গিয়েছে।

ব্লক প্রশাসনের পক্ষ থেকে বন্যার্ত মানুষের অন্যত্র সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

7						1	6	3
	1		9	8				
	2	3	6			5		
9			8	3			2	1
	6		2		4		7	
8	4			9	1			5
		5			9	2	8	
				7	5		1	
6	9	4						7

গতকালের সমাধান

8	4	1	3	6	5	7	9	2
7	3	6	2	9	4	8	1	5
5	2	9	1	8	7	6	3	4
2	8	5	6	7	1	3	4	9
6	9	7	4	3	2	1	5	8
4	1	3	8	5	9	2	6	7
1	7	2	5	4	3	9	8	6
3	5	8	9	2	6	4	7	1
9	6	4	7	1	8	5	2	3

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।
তাপমাত্রা: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াস।
আপেক্ষিক আর্দ্রতা: সর্বাধিক ৮২ শতাংশ।
সূর্যোদয়: ঘ ৫।৩২, **সূর্যাস্ত:** ঘ ৫।১৩
জোয়ার: সকাল:৬।৫৭।
ভাটা: দুপুর: ২।২৩।

— সমাধানের নিয়ম —
এমন ভাবে পুরা ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনওবিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 65.1003
INR / 1 Euro	: 77.2741
INR / 100 Jap. YEN	: 57.9800
INR /1 Pound Sterling	: 86.2319

শেয়ারসূচক

BSE 32,182.22▲ (-34.8.23)
NIFTY 10,121.90▲ (+348.23)

শব্দলিপি- ১০১৮

শ্যামাপ্রসাদ দাশ

পাশাপাশি ঃ ১। সম্মুখভাগ ৩। কর্তৃস্থিত বায়ু ৬। হলদে রং ৮। নাচের ভঙ্গি ১০। সোনার তৈরি ১২। ক্রমাগত অনুমান ১৪। পাকাবাড়ির বারান্দা ১৫। বিদ্যুৎ
উপরনীচ ঃ ১। প্রতিবিধানের ইচ্ছা ২। বাচালতা ৩। উচ্চ পৌঁজারি আলাপ ৫। মহাদেব পুত্র ৭। ইংরাজির জুলি ৯। ক্রমাগত বীরে জ্বলনের ভাব ১১। বিদ্যু সময় ১৩। রঙ্গ

সমাধান ঃ শব্দলিপি - ১০১৭
পাশাপাশি ঃ ১। নাচন ৩। মাতৃল ৫। কবির ৭। মামার বাড়ি ৮। মায়াকানন ৯। লনব ১১। মীলন ১২। আজল
উপরনীচ ঃ ১। নালীক ২। নবর ৩। মানাভিমান ৪। লক্ষ্মীর বাহন ৬। বিজয়া দশমী ৭। মানসম্মান ৯। লারকা ১০। বন্ধল

ভাগ্যলিপি

মেষ
স্ত্রীরসঙ্গে আজমনোমালিনহতে পারে। গৃহে শান্তি রাখার ব্যাপারে উদ্যোগী ভূমিকা নিন।

বৃষ
সম্পর্কের উন্নতি হবে আজ বন্ধুর সমর্থন পাবেন আজ।

মিথুন
বাড়ির পরিষ্কার করার উদ্যোগ নিন আজ। তবে সাবধানতার সঙ্গে কাজ করুন।

কর্কট
দিনটি আপনার পক্ষে যাবে। সমস্ত কাছে সাফল্য আসবে। এগিয়েচলার চেষ্টাকরুন।সন্ধ্যার আগে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সেরে ফেলুন।

সিংহ
ব্যয় বৃদ্ধি পাবে, শেয়ার কারবারীদের ঝুঁকি না নেওয়া ভাল।

কন্যা
আপনার অসম্পূর্ণকাজ সাফল্যের সঙ্গে শেষ হবে। একাজে আপনার অভিজ্ঞতা এক্ষেত্রেকাজেআসবে।

তুলা
আপনার নিকট বন্ধুদের সঙ্গে সমঝোতাকরেচলার চেষ্টাকরুন। নাহলে সমস্যার মধ্যে পড়তে পারেন।

বৃশ্চিক
কালকের জন্য ফেলে না রেখে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আজই সেরে ফেলুন।

ধনু
একটা মিশ্রদিন আজ। সমস্যাই পড়তে হতে পারে আজ।

মকর
বকেয়া কাজগুলি আজ শেষ হতে পারে। ব্যবসায়ে মুনাফা হওয়ার সম্ভাবনা প্রবল।

কুম্ভ
অযথা ঝুঁকি নেবেন না। কারণ আপনার সিদ্ধান্তে বিপক্ষে যেতে পারে।

মীন
আপনারকাঁধে যেদায়িত্বরয়েছে তা দ্রুত সেড়ে ফেলার চেষ্টা করুন।

রেল লাইনের ধারে গলাকাটা দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, মছলন্দপুর : শিয়ালদহ বনগাঁ শাখায় রেল লাইনের ধারে গলা কাটা দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল। স্থানীয়সূত্রে জানা যায়, মৃতদেহটির গায়ে একাধিক আঘাতের চিহ্ন ছিল। তবে রেল পুলিশের অনুমান, চলন্ত ট্রেনে ধাক্কা লেগেই সম্ভবত মৃত্যু হয়েছে ওই ব্যক্তির। মৃতের নাম ও পরিচয় জানা যায়নি। মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। ঘটনাটি ঘটেছে বনগাঁ।

শিয়ালদহ শাখার সংহতি ও মছলন্দপুর স্টেশনের মাঝখানে। রেল লাইনের পাশে গলা কাটা এক ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখেন এলাকার লোকজন। দেহের একাধিক অংশ ক্ষতবিক্ষত ছিল বলেও জানা যায়। স্থানীয় দের ধারণা, ধারলো অস্ত্রের আঘাতে তার দেহ ক্ষত বিক্ষত করা হয়। দেহের প্রায় ত্রিশ ফুট দূরে পড়ে ছিল মৃত ব্যক্তির মাথা। মাথাতেও একাধিক আঘাতের চিহ্ন পাওয়া যায়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। উল্লেখ্য, মাস খানেক আগে এই সংহতি স্টেশনের লাগোয়া একটি ডোবা থেকে এক চিত্র পরিচালকের মৃতদেহ উদ্ধার হয়। স্থানীয়দের অভিযোগ, এই এলাকাটি রাতের অন্ধকারে দুষ্কৃতীদের আখড়া হয়ে ওঠে। এই ব্যক্তিকেও খুন করে কেউ ফেলে রেখে গিয়েছে বলে অনুমান স্থানীয় বাসিন্দাদের। রেল পুলিশ গোটা ঘটনার তদন্তে নেমেছে।

গোপালনগরে যুবকের মৃতদেহ ঘিরে চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা, গোপালনগর : উত্তর ২৪ পরগনা জেলার গোপালনগরে বৃহস্পতিবার এক যুবকের মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল। পুলিশ জানিয়েছে, মৃত যুবকের নাম মাধব দাস। (২৩)। গত বুধবার থেকে সে নিখোঁজ ছিল। জানা যায়, বুধবার সন্ধ্যায় সে বাড়ি থেকে বের হয়ে আর বাড়ি ফেরেনি। বৃহস্পতিবার সকালে গোপালনগরের আকাইপুর গ্রাম পঞ্চায়েতের কাছে একটি গাছে গলায় দড়ি দেওয়া ঝুলন্ত অবস্থায় মৃতদেহ দেখতে পান এলাকাবাসীরা। এরপর খবর পেয়ে গোপালনগর থানার পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে। মৃতদের ময়নাতদন্তের জন্য বনগাঁ হাসপাতালে পাঠানো হয়েছে। মৃত যুবক স্থানীয় একটি ডেকরেটার্স ও লাইট মাইকের দোকানে কাজ করতো। মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, মাধবের মা ছেলের মহাজনের কাছে টাকা পেত। মাধব দীর্ঘদিন ধরে এই মহাজনের দোকানে কাজ করা সত্ত্বেও সেই টাকা আদায় করতে পারছিল না। এই নিয়ে মায়ের পাওনা টাকা চাইলে দোকানদার তাকে খুনের হুমকিও দেয় বলে। অভিযোগ। এই মৃত্যুর ঘটনায় স্থানীয় ওই দোকানদারের দিকে সন্দেহের অভিযোগ তুলেছেন মৃতের পরিবার। পুলিশসূত্রে জানা গিয়েছে, বুধবার সন্ধ্যেবেলার মাধব বাড়ি থেকে বের হয়। কিন্তু রাত হয়ে গেলেও সে বাড়িতে ফেরেনি। বাড়ি থেকে মাধবের মোবাইলে একবার ফোন করা হলে সে জানায় ফিরতে রাত হবে।

এরপর বৃহস্পতিবার সকালে তার ঝুলন্ত দেহ দেখতে পান স্থানীয় পথচলতি মানুষ। ঘটনার তদন্তে নেমেছে গোপালনগর থানার পুলিশ।

বেড়া দিতে গিয়ে মেজভাইয়ের হাতে আক্রান্ত হল ছোট ভাই

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : নিজের বাড়ির সীমানায় বেড়া দিতে গিয়ে মেজ ভাই জগন্নাথ মণ্ডলের হাতে আক্রান্ত হলে ছোট ভাই বলরাম মণ্ডল এবং স্ত্রী মনিমালা মণ্ডল। ঘটনা কাকদ্বীপ কোস্টাল থানার থানগড়া গ্রামের পুলিশ সূত্রে জানা যাচ্ছে গতকাল বলরাম মণ্ডল পৈতৃক সূত্রে পাওয়া নিজের বাস্তুতে বেড়া দিতে গিয়ে মেজ ভাই জগন্নাথের সঙ্গে বচসা বাধে। এরপর জগন্নাথ ঘর থেকে টাঙ্গি নিয়ে বলরামকে আঘাত করে। স্ত্রী বলরামকে বাঁচাতে গেলে তার হাতেও আঘাত করে পাড়া প্রতিবেশীরা ছুটে আসে। বলরাম মণ্ডলকে কাকদ্বীপ মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে বলরামের চিকিৎসা চলছে স্ত্রী মনিমালাকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। আজ এই প্রতিবেদকের সঙ্গে কথা বলার সময় কান্নায় ভেঙে পড়ে মনিমালা। জানা গেছে জগন্নাথ এর পূর্বেও আমাদের মেরেফেলার হুমকি দিত আজ কাকদ্বীপ কোস্টাল থানায় জগন্নাথের বিরুদ্ধে লিখিত অভিযোগ জমা পড়েছে।

হাওড়ায় মানসিক অবসাদে আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: আবার হাওড়ায় মানসিক অবসাদে আত্মহত্যার ঘটনা ঘটল। বৃহস্পতিবার সকালে হাওড়ার সালকিয়ার বাঁধাঘাটের লঞ্চঘাটের কাছে একটি গাছ থেকে ঝুলন্ত অবস্থায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়।

মৃত ব্যক্তির নাম বাপী দাস (৫০) স্থানীয় সূত্র মারফত জানা গেছে, বেশ কিছুদিন আগে এক প্রতিবেশী আগুনে পুড়ে আত্মহত্যার চেষ্টা করছিল। সেই সময় বাপী দাস তাকে বাঁচাতে যায়। তিনি নিজেও অগ্নিদগ্ধ হন। স্থানীয়রা তাকে হাওড়ার টিএল জয়সওয়াল হাসপাতালে ভর্তি করে। সেখানে তার কিছুদিন চিকিৎসা হয়। তারপর তার চিকিৎসার ওষুধপত্র কেনার টাকা পয়সা সে জোগাড় করতে পারেনি। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পরও তার শরীর খারাপ হয়। কিন্তু, ওষুধ কেনার টাকা ছিল না তার কাছে। ফলে পোড়া জায়গায় সংক্রমণ দেখা যায়। সেই অবসাদের জন্য তিনি দীর্ঘদিন ভুগছিলেন। বিধির বিধানে যাকে বাঁচাতে গেলেন তিনি বেঁচে গেলেন। কিন্তু বাপী দাস নিজেই আত্মহত্যা করলেন। সেই অবসাদ থেকে আত্মহত্যা নাকি অন্য কোনও কারণ, তার তদন্ত করছে গোলবাড়ি থানার পুলিশ।

CHANGE OF NAME

I, KAMALA CHATTERJEE W/O LATE GANGADHAR CHATTERJEE, ADDRESS: 26 MAHENDRA BOSE LANE, KOLKATA-3, VIDE AFFIDAVIT BEFORE LD. MEGISTRATE AT BANKASHAL COURT KOLKATA ON 11.10.2017 RECORDED AS KAMALA CHATTERJEE. RAMA CHATTERJEE, KAMALA CHATTERJEE AND KAMALA RAYCHAUDHURI ARE ONE AND SAME IDENTICAL PERSON.

CHANGE OF NAME

I, RANJANA CHATTOPADHYAY W/ O JOYDIP GHOSH, ADDRESS: 2 GANENDRA MITRA LANE, KOLKATA-4, VIDE AFFIDAVIT BEFORE THE LD. MEGISTRATE AT BANKASHAL COURT KOLKATA ON 11.10.2017 RECORDED AS RANJANA CHATTOPADHYAY. RANJANA CHATTOPADHYAY, RANJANA CHATTERJEE AND SARBANI CHATTERJEE ARE ONE AND SAME IDENTICAL PERSON.

Public Notice

This is to notify all concerned that, on behalf of my client, Aadhar Housing Finance Ltd., having its Branch office at Kolkata, I hereby give notice that our customer, Smt. Basanti Adhikary, w/o. Sri Rabindranath Adhikary, resident of 12/204 Satish Chakraborty Lane, Bally, Howrah-711201, has applied for taking loan for Rs.770000/ -Lakhs for purchasing Flat No. 101 measuring 430 Sq. Ft., on the Ground Floor of "May Fair Swagata", (Near LANDMARK) lying and situate at Mouza Bally and comprised in R.S. Dag No. 12620 under R.S. Khatian Nos. 5572 & 2410 corresponding to L. R. Dag No. 32783 under L. R. Khatian No. 8160, J. L. No. 14 and bearing Municipal Holding Nos. 27 & 27/2, Kailash Banerjee Lane, under Ward No. 5 of the Bally Municipality at present Ward No. 54 of the Howrah Municipal Corporation, under P.S. Bally, in the District of Howrah-711201 from Sri Ramapati Ganguly S/o Mani Bhusan Ganguly R/o 2 No Kailash Banerjee Lane,Bally,Howrah-Ward No.5

The said Sri Ramapati Ganguly had acquired part of the land on which the building is erected from Smt. Swagata Goswami by virtue of registered Bengali Deed of Gift dated 08.08.2003, registered before D.S.R., Howrah and Being No. 2821 for the Year 2003.

Now, our customer has declared that the aforesaid original registered Deed of Gift being No. 2821 for the year 2003 has been lost from the custody of Sri Ramapati Ganguly and who lodged a General Diary being No.962 on 19.09.2017 before the Bally Police Station for loss of said Title Deed and he intends to take loan from Aadhar Housing Finance Limited for acquiring the said flat on the above mentioned land.

If any concern, Bank or person having any claim, objection related to the above transaction and mortgage of said property with Aadhar, he/she may kindly contact me within 7 days from the date of publication of this advertisement in the below mentioned address failing which no claim will be entertained later and AHFL will disburse the loan to proposed customer.

Sri Manoj Kumar Meharia
(Advocate)
Omer Mansion, Room No. A-7, 1 st Floor, 29A, Weston Street, Kolkata-700012.
Phone No- 033-4004-4110.
Mobile No-9831002085